# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১০৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩০. মিম্বারের উপর অবস্থানকালে দু’ হাত উপরে উঠানো

باب رَفْعِ الْيَدَيْنِ عَلَى الْمِنْبَرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زَائِدَةُ، عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ رَأَى عُمَارَةُ بْنُ رُؤَيْبَةَ بِشْرَ بْنَ مَرْوَانَ وَهُوَ يَدْعُو فِي يَوْمِ جُمُعَةٍ فَقَالَ عُمَارَةُ قَبَّحَ اللَّهُ هَاتَيْنِ الْيَدَيْنِ . قَالَ زَائِدَةُ قَالَ حُصَيْنٌ حَدَّثَنِي عُمَارَةُ قَالَ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ عَلَى الْمِنْبَرِ مَا يَزِيدُ عَلَى هَذِهِ يَعْنِي السَّبَّابَةَ الَّتِي تَلِي الإِبْهَامَ .

ـ صحيح : م

বাংলা

১১০৪। হুসাইন ইবনু ’আবদুর রহমান (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, ’উমারাহ ইবনু রুওয়াইবাহ (রাঃ) দেখেন যে, বিশর ইবনু মারওয়ান (জুমু’আহর দিন খুত্বাহকালে) দু’আ করছেন। তখন ’উমারাহ ইবনু রুওয়াইবাহ (রাঃ) বললেন, আল্লাহ তোমার এ হাত দু’টিকে কুৎসিত করুন। যায়িদাহ বলেন, হুসাইন ইবনু ’আবদুর রহমান বলেছেন, ’উমারাহ ইবনু রুওয়াইবাহ (রাঃ) আমার কাছে বর্ণনা করেছেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মিম্বারের উপর এর চাইতে অধিক কিছু করতে দেখিনি অর্থাৎ তিনি বৃদ্ধাঙ্গুলির পাশের শাহাদাত অঙ্গুল দ্বারা ইশারা করা ব্যতীত অন্য কিছুই করতেন না।[1]

সহীহ : মুসলিম।

## English

'Umarah b. Ruwaibah said that he saw Bishr b. Marwan (on the pulpit) praying on Friday (by raising his hands). 'Umarah said:
May Allah reject these hands! I have seen the Messenger of Allah (ﷺ) on the

pulpit gesturing no more than this pointing with his forefinger.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : জুমু‘আহ, অনুঃ সালাত ও খুত্ববাহ নাতিদীর্ঘ করা), নাসায়ী (অধ্যায় : জুমু‘আহ, অনুঃ খুত্ববাহতে ইশারা করা, হাঃ ১৪১১), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ মিম্বারে হাত উত্তোলন মাকরূহ, হাঃ ৫১৫, ইমাম তিরমিযী বলেন, এই হাদীসটি হাসান সহীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ হুসায়ন ইবন আবদুর রহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58422

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন